

রেজিস্টার্ড নং ডি এ-১.



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৬, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে আশ্বিন ১৪০৯/ ১৪ই অক্টোবর ২০০২

এস, আর, ও, নং ২৮৫-আইন/২০০২— যেহেতু, Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩-৪-১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন নং, এস, আর, ও ৭৩-আইন/৯৯-শ্রম-৮/৪(২)৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহা পরবর্তীতে অনধিক ৬ (ছয়) মাস মেয়াদে ৬(ছয়) বার বৃদ্ধি করা হইয়াছে এবং সর্বশেষ বৃদ্ধির মেয়াদ আগামী ১১-১০-২০০২ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু, উপরি-উক্ত বোর্ড ও কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান;

সেহেতু, সরকার উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১২-১০-২০০২ইং তারিখ হইতে আরও ৬(ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম
উপ-সচিব (শ্রম)।

মোঃ সারোয়ারুলআমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৪৯৩)

মূল্য : টাকা ১.০০